

সিলেট সদর উপজেলা ওয়াটসান(WATSAN) কমিটির সভার কার্যবিবরণী

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, সিলেট সদর।

তারিখ: ০৮/০৮/২০১৯খ্রিঃ, সময়: ১২:০০ অপরাহ্ন

সভাপতি করেন: জনাব, আশফাক আহমদ


চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা সংযুক্ত

সভাপতি সভায় উপস্থিত সকর সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	সভাপতির অনুমতিক্রমে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর সভায় জানান নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট মহোদয়ের দপ্তর স্মারক নং: ৪৬.০৩.৯১০০.০৬১.০৭.০১-১৬-৩৯৯, তারিখ: ২৯/০৪/২০১৯খ্রিঃ মোতাবেক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাদীন অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের (PRWSP) আওতায় ৫০ টি গভীর নলকূপ ও ৬০ টি গভীর তারা নলকূপ সর্বমোট ১১০ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। নীতিমালা মোতাবেক উক্ত নলকূপগুলো স্থানীয় মাননীয় সংসদ সদস্য মহোদয় কর্তৃক ৫০% এবং ইউনিয়ন ওয়াটসান(WATSAN) কমিটি কর্তৃক ৫০% স্থান নির্বাচনের নির্দেশনা রয়েছে। তিনি অধিকতর অবহেলিত ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিয়ে স্থান নির্বাচনের প্রস্তাব করেন। বরাদ্দকৃত ১১০ টি নলকূপের তত্ত্বাবধায়কগণ প্রত্যেকেই ৭০০০/- (সাত হাজার) সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। তাছাড়া স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব, ড. এ. কে আব্দুল মোমেন, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয় ইতোমধ্যেই ৫০% নলকূপের তত্ত্বাবধায়কের নামের তালিকা অর্থাৎ ৫৫ টি নলকূপের তত্ত্বাবধায়কের নামের তালিকা প্রেরণ করেছেন মর্মে সভাকে অবহিত করেন। তদপ্রেক্ষিতে বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানগণ নলকূপের স্থান নির্বাচনের ক্ষেত্রে দৈততা (Overleaping) পরিহারের লক্ষ্যে মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক সুপারিশকৃত নলকূপের তত্ত্বাবধায়কের নামের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রেরণের প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে উপজেলা ও ইউনিয়ন ওয়াটসান(WATSAN) কমিটি কর্তৃক দুই ৫০% নলকূপের স্থান নির্বাচনের প্রস্তাব করা হয়। এক্ষেত্রে সভাপতি, উপজেলা ওয়াটসান কমিটি(WATSAN) কর্তৃক প্রত্যেক ইউনিয়নের অবহেলিত ও সুবিধাবঞ্চিত বিষয়টি বিবেচনা করে ইউনিয়ন ওয়ারী বরাদ্দের প্রস্তাব নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট এঁর নিকট প্রেরণ করবেন। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট কর্তৃক ইউনিয়ন ওয়ারী নলকূপের বরাদ্দ চূড়ান্ত করণের বিষয়ে আলোচনা হয়।	উপজেলা ও ইউনিয়ন ওয়াটসান (WATSAN) কমিটি কর্তৃক সুপারিশকৃত ৫০% স্থান নির্বাচনের তালিকা এবং স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব, ড. এ. কে আব্দুল মোমেন, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয় কর্তৃক ৫০% স্থান নির্বাচনের তালিকা মোতাবেক ১১০ (একশত দশ) টি গভীর নলকূপ (৬ নং পাম্পযুক্ত)/গভীর তারা নলকূপ স্থাপন করতে হবে।	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর এবং সংশ্লিষ্ট সকল।
০২	সভাপতির অনুমতিক্রমে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর সভায় জানান উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির ১৫% অর্থ স্যানিটেশন খাতে ব্যয় করার নির্দেশনা আছে। কিন্তু প্রতিবছর উক্ত অর্থ কেবলমাত্র পানির উৎস স্থাপন কাজে ব্যয় করা হয়, স্যানিটারী ল্যাট্রিন স্থাপন কাজে কোন কোন ক্ষেত্রে নামমাত্র অর্থ ব্যয় করা হয়, ফলশ্রুতিতে, উক্ত উপজেলায় স্যানিটেশন কভারেজ দিন দিন নিম্নমুখী হচ্ছে যা অনাকাঙ্খিত। এমতবস্থায়, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির স্যানিটেশন খাতের ১৫% অর্থের কমপক্ষে ৫০% অর্থ স্যানিটারী ল্যাট্রিন স্থাপন কাজে ব্যয়ের প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির স্যানিটেশন খাতের ১৫% অর্থের কমপক্ষে ৫০% অর্থ স্যানিটারী ল্যাট্রিন স্থাপন কাজে ব্যয় করতে হবে।	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর এবং সংশ্লিষ্ট সকল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 আশফাক আহমদ
 চেয়ারম্যান

উপজেলা পরিষদ, সিলেট সদর ও
 সভাপতি, উপজেলা ওয়াটসান কমিটি
 সিলেট সদর, সিলেট।